

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, আগস্ট ৯, ১৯৭৫

বন্দর, জাহাজ ও আভ্যন্তরীণ জলযান মন্ত্রণালয়

আদেশ

ঢাকা, ৯ই আগস্ট, ১৯৭৫।

নং এস, আর, ও, ২৯০-এল/৭৫-১৯০৮ সালের বন্দর আইন (১৯০৮ সালের ১৫ নম্বর আইন)-এর ৫-এ(বি) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নলিখিত আদেশ জারী করিলেনঃ—

১। সংক্ষিপ্ত শিরোনাম—এই আদেশ ১৯৭৫ সালের চালনা বন্দর শ্রমিক কল্যাণ ফান্ড আদেশ নামে অভিহিত হইবে।

২। সঙ্গ্য—এই আদেশ—

(ক) “পরিচালক” অর্থ চালনা বন্দর পরিচালক।

(খ) “ফান্ড” অর্থ চালনা বন্দর শ্রমিক কল্যাণ ফান্ড।

৩। ফান্ড গঠন—এই আদেশ জারী হইবার তারিখ হইতে চালনা বন্দর শ্রমিক কল্যাণ ফান্ড নামক একটি ফান্ড গঠিত হইবে।

৪। ফান্ডের উদ্দেশ্য—ফান্ডের টাকা চালনা বন্দর শ্রমিকদের সার্বিক কল্যাণের জন্য সরকার কর্তৃক নির্দেশক্রমে ব্যয়িত হইবে।

৫। ফান্ডের পরিচালনা—(১) ফান্ডটির পরিচালনা চালনা বন্দর পরিচালকের হাতে ন্যস্ত থাকিবে।

(২) ফান্ড পরিচালনার ব্যাপারে পরিচালক সর্বতোভাবে সরকারের নিয়ন্ত্রণাধীনে থাকিবেন।

(২৩৬৯)

মূল্য: ১২ পয়সা।

৬। ফাণ্ডের চাঁদা—(১) প্রত্যেক স্টিভেডোর এবং শ্রমিক ঠিকাদার ফাণ্ড নিম্নলিখিত হারে চাঁদা দিবেন—

(ক) স্টিভেডোর—উঠানো-নামানো মালের প্রতি টনে ২৭ পয়সা।

(খ) শ্রমিক ঠিকাদার—উঠানো-নামানো মালের প্রতি টনে ১৭ পয়সা।

(২) পরিচালক ফাণ্ডের টাকা সরকার কর্তৃক অনুমোদিত কোন ব্যাঙ্কে জমা রাখিবেন।

৭। হিসাব-পত্র—পরিচালক ফাণ্ডের সঠিক হিসাব-পত্র রাখিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সিদ্দিকুর রহমান

সচিব।